সৃজনশীল বাংলাদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
shilpakala.sylhet.gov.bd

মুজিব শতবর্ষ ১০০

২৬ মার্চ ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

# সিলেট শিল্পকলা একাডেমির মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

যথাযোগ্য মর্যাদায় সিলেট জেলা শিল্পকলা একাডেমি উদ্‌যাপন করলো মহান স্বাধীনতা ও জাতীয় দিবস। দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ২৬ মার্চ সকালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন শিল্পকলা একাডেমির কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। এরপর দিবসটি উদ্‌যাপন উপলক্ষে সন্ধ্যা সাড়ে ৬টায় নগরীর পূর্ব শাহী ঈদগাহস্থ শিল্পকলা একাডেমির মিলনায়তনে জেলা প্রশাসন ও জেলা শিল্পকলা একাডেমি সিলেটের উদ্যোগে আয়োজন করা হয় সাংস্কৃতিক অনুষ্ঠানের। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিলেট বিভাগীয় কমিশনার মোঃ মশিউর রহমান এনডিসি; সিলেট রেঞ্জের ডিআইজি মফিজ উদ্দিন আহম্মেদ পিপিএম; সিলেটের জেলা প্রশাসক এম কাজী এমদাদুল ইসলাম প্রমুখ। মাসুদ পারভেজ ও নাফিসা তানজীনের সঞ্চালনায় সাংস্কৃতিক সন্ধ্যায় নৃত্যালেখ্য, দলীয় সংগীত, নৃত্য ও আবৃত্তি পরিবেশনায় অংশগ্রহণ করেন জেলা শিল্পকলা একাডেমি, একাডেমি ফর মণিপুরি কালচার এন্ড আর্ট, ছন্দনৃত্যালয় ও কথন আবৃত্তি সংসদ। একক পরিবেশনার মধ্যে মোকাদ্দেস বাবুল আবৃত্তি ও তন্বী দেব সংগীত পরিবেশন করেন।

২৬/০৩/২০২১

(অসিত বরণ দাশ গুপ্ত)
জেলা কালচারাল অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৯০৫৮
shilpakalasylhet@gmail.com